মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।
www.mpa.gov.bd
প্রশাসন শাখা

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মবক এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | ক্যাপ্টেন মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), মবক। |
| সভার তারিখ | ১০-০৩-২০২৪ |
| সভার সময় | ১০.০০ ঘটিকা |
| স্থান | মবক এর সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভা। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী নৈতিকতা কমিটির ০৪টি সভা আয়োজন করতে হবে। ২৭/০৯/২০২৩ তারিখে প্রথম কোয়ার্টার এর সভা, ০৪-১২-২০২৩ তারিখে ২য় কোয়ার্টার এর সভা অনুষ্ঠিত হয়েছে। ১০/০৩/২০২৪ তারিখে ৩য় কোয়ার্টারের সভা অনুষ্ঠিত হলো। পরবর্তী সভা জুন/২৪ মাসে আয়োজন করতে হবে। | যথাসময়ে নৈতিকতা কমিটির পরবর্তী সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২. | অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ০৩টি সভা আয়োজন করতে হবে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রথম সভা ০৫/০৭/ ২০২৩ তারিখে ও ২য় সভা ০৪/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | নির্ধারিত সময়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। ট্রাফিক বিভাগ আগামী জুন/২৪ মাসে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। | পরিচালক (ট্রাফিক) |
| ৩. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ০২টি প্রশিক্ষণ আয়োজনকরতঃ ৫০ জনকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কর্মপরিকল্পনা অনুযায়ী ডিসেম্বর/২৩ মাসে ২৫ জন এবং মার্চ/২৪ মাসে ২৫ জনসহ মোট ৫০ জনকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। গত ২৭/১২/২০২৩ তারিখে ২য় কোয়ার্টারে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | মার্চ/২৪ মাসে ১টি প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | কর্মপরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রমের আওতায় টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ কার্যক্রম ২৫/৩/২০২৪ তারিখের মধ্যে, পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির কার্যক্রম ৩০/১২/২০২৩ তারিখের মধ্যে এবং ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিতকরণ কার্যক্রম ৩০/৬/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রত্যেক বিভাগের দপ্তর কক্ষসমূহ ও অফিস চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং অকেজো মালামালসমূহ কেন্দ্রীয় ভান্ডারে জমা প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মচারীদের দাপ্তরিক পোশাক পরিধান নিশ্চিত করতে হবে। | বিভাগীয়/ কোষ প্রধান (সকল) |
| ৫. | ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ে মবক'র ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। গত ৩১-০৭-২০২৩ খ্রিঃ তারিখে ক্রয় পরিকল্পনা মবক'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ে মবক'র ওয়েবসাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | পরিকল্পনা প্রধান |
| ৬. | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন | স্ব-স্ব বিভাগ কর্তৃক বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্ধারিত সময়ে বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | বিভাগীয় / কোষ প্রধান (সকল) |
| ৭. | বাজেট বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী আগামী ৩০-১২-২০২৩-২০%, ৩১-০৩-২০২৪-৩০% এবং ৩০-০৬-২০২৪ খ্রিঃ তারিখে মধ্যে ৩০% সহ সর্বমোট ৮০% বাজেট বাস্তবায়ন করতে হবে। | যথাসময়ে ৮০% বাজেট বাস্তবায়ন করতে হবে। | বিভাগীয় / কোষ প্রধান (সকল) |
| ৮. | প্রকল্পের পিআইসি সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী, প্রকল্পের পিআইসি সভা সেপ্টেম্বর/২৩, ডিসেম্বর/২৩, মার্চ/২৪ ও জুন/২৪ মাসে আয়োজন করতে হবে। | নির্ধারিত সময়ে প্রকল্পের পিআইসি সভা আয়োজন করতে হবে। | পরিকল্পনা প্রধান |
| ৯. | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরিত | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের ব্যবস্থা করতে হবে।** | **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে।** | **প্রকল্প পরিচালক** (সকল) |
| ১০. | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। সভার সভাপতি বলেন, সরকারি যানবাহন ব্যবহারের বিষয়ে মবক'র সর্বশেষ জারিকৃত অফিস আদেশের নির্দেশাবলি মেনে চলতে হবে। | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | বিভাগীয় / কোষ প্রধান (সকল) |
| ১১. | দুর্নীতি দমন সহায়ক মোটিভেশনাল প্রশিক্ষণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী দুর্নীতি দমন সহায়ক মোটিভেশনাল ০২টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী, ডিসেম্বর/২৩ মাসে ২৫ জন এবং মার্চ/২৪ মাসে ২৫ জনসহ মোট ৫০ জনকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। গত ৩১/১২/২০২৩ তারিখে ২য় কোয়ার্টারে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | মার্চ/২৪ মাসে ০১টি প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | সরকারি সম্পদ অপচয়রোধে আকস্মিক পরিদর্শন ও প্রতিবেদন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সরকারি সম্পদ অপচয়রোধে ০৮টি/বার আকস্মিক পরিদর্শন করতে হবে ও পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল করতে হবে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী সেপ্টেম্বর/২৩, ডিসেম্বর/২৩, মার্চ/২৪ ও জুন/২৪ মাসে অর্থাৎ প্রতি কোয়ার্টারে ০২ বার পরিদর্শন করতে হবে। | ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন/ ২৪) ০২ বার পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান ও সকল সদস্য মবক |
| ১৩. | নদীতে ময়লা নিক্ষেপ প্রতিরোধে সচেতনতা বিষয়ক সভা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী জলযান থেকে নদীতে ময়লা নিক্ষেপ করে নদীর পানি দূষণ প্রতিরোধে সচেতনতা বিষয়ক ০৪টি সভা আয়োজন করতে হবে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী সেপ্টেম্বর/২৩, ডিসেম্বর/২৩, মার্চ/২৪ ও জুন/২৪ মাসে ০১টি করে সভা আয়োজন করতে হবে। | জুন/২৪ মাসে ০১টি সভা আয়োজন করতে হবে। | হারবার মাস্টার |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-০৩-২০২৪
ক্যাপ্টেন মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত),
মবক।

তারিখ: ৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
১৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৮.১৪.০১৫৮.১২৪.৪৪..০৬১(অংশ-২).২০১৭.৮৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (হাঃ ও মেঃ/প্রঃ ও উঃ/অর্থ), মবক, মোংলা;

২। বিভাগীয়/কোষ প্রধান (সকল), মবক, মোংলা;

৩। প্রোগ্রামার, (আইসিটি সেল), মবক, মোংলা- ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ, এবং

৪। চেয়ারম্যানের একান্ত সচিব, মবক, মোংলা, ।

১৮-০৩-২০২৪
মোঃ শাহীনুর আলম (উপসচিব)
পরিচালক (প্রশাসন)